# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৭৫

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কাবা শরীফের অভ্যন্তরে সালাত আদায় করা।

## باب مَا جَاءَ فِي الصَّلاَةِ فِي الْكَعْبَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنْ بِلاَلٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صَلَّى فِي جَوْفِ الْكَعْبَةِ ‏.‏ قَالَ ابْنُ عَبَّاسٍ لَمْ يُصَلِّ وَلَكِنَّهُ كَبَّرَ ‏.‏ قَالَ وَفِي الْبَابِ عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ وَالْفَضْلِ بْنِ عَبَّاسٍ وَعُثْمَانَ بْنِ طَلْحَةَ وَشَيْبَةَ بْنِ عُثْمَانَ ‏.‏ قَالَ أَبُو عِيسَى حَدِيثُ بِلاَلٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ ‏.‏ وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ لاَ يَرَوْنَ بِالصَّلاَةِ فِي الْكَعْبَةِ بَأْسًا ‏.‏ وَقَالَ مَالِكُ بْنُ أَنَسٍ لاَ بَأْسَ بِالصَّلاَةِ النَّافِلَةِ فِي الْكَعْبَةِ ‏.‏ وَكَرِهَ أَنْ تُصَلَّى الْمَكْتُوبَةُ فِي الْكَعْبَةِ ‏.‏ وَقَالَ الشَّافِعِيُّ لاَ بَأْسَ أَنْ تُصَلَّى الْمَكْتُوبَةُ وَالتَّطَوُّعُ فِي الْكَعْبَةِ لأَنَّ حُكْمَ النَّافِلَةِ وَالْمَكْتُوبَةِ فِي الطَّهَارَةِ وَالْقِبْلَةِ سَوَاءٌ ‏.‏

বাংলা

৮৭৫. কুতায়বা (রহঃ) ..... বিলাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাবার অভ্যন্তরে সালাত (নামায/নামাজ) আদায় করেছিলেন। - ইবনু মাজাহ ৩০৬৩, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৭৪ [আল মাদানী প্রকাশনী]

ইবনু আব্বাস (রাঃ) বলেন, তিনি সালাত আদায় করেননি, তবে সেখানে তাকবীর বলেছিলেন।

এই বিষয়ে উসামা ইবনু যায়দ, ফাযল ইবনু আব্বাস, উসমান, ইবনু তালহা ও শায়বা ইবনু উসমান (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা বলেন, বিলাল (রাঃ) বর্ণিত এই হাদীসটি হাসান-সহীহ। অধিকাংশ আলিম এই হাদীস অনুসারে অভিমত দিয়েছেন। তারা কাবা শরীফের অভ্যন্তরে স্‌লাত আদায়ে কোন দোষ আছে বলে মনে করেন না। ইমাম মালিক ইবনু আনাস (রহঃ) বলেন, কাবা শরীফের ভিতরে নফল সালাত আদায়ে কোন দোষ নাই; তবে ফরয সালাত আদায় করা মাকরূহ। ইমাম শাফেঈ (রহঃ) বলেন, ফরয হোক বা নফল যে কোন সালাতই কাবা শরীফের ভিতরে আদায় করায় দোষ নাই। কেননা কিবলামুখী হওয়া, তাহারাত অর্জন করা ইত্যাদি

ক্ষেত্রে ফরয ও নফলের হুকুম-আহকাম একই রকমের।

## English

Ibn Umar narrated from Bilal:
"The Prophet performed Salat in the interior of the Ka'bah." And Ibn Abbas said: "He did not perform Salat in it, but he said the Takbir."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বিলাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18064

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন